## বিভিন্ন প্রকার আত্মীয়দল (Types of Kin Groups)

## কুল বা বংশ (Lineage):

বংশ বা Lineage হলে। একপ্রকার একরৈথিক বংশানুক্রমিক গোষ্ঠী। প্রখ্যাত সমাজতাত্বিক Hoebel এর মতে, বংশ হল আসলে একপ্রকার বর্ধিত একরৈথিক আয়্মীয় গোষ্ঠী যারা বেশ কয়েক প্রজন্ম পূর্বে কোল একজন পূর্বপুরুষ থেকে এসেছে বলে নিজেদের মনে কর। এক্ষেত্রে পূর্বপুরুষটি একজন বাস্তব ব্যক্তি যার সঙ্গে বর্ত্তমান সদস্যদের সম্পর্ক বর্তমান। Raymond Firth (1961) বংশের সংঙ্গা দিতে গিয়ে বলেছেন, "A lineage, meaning primarily a line of descent is now taken also to mean a unilineal descent group all members of which trace their genealogical relationship back to a founding ancestors"। সূতরাং, কুল বা বংশ বলতে বুঝায় এমন একটি গোষ্ঠীকে যার সদস্যরা একজন অভিন্ন বা একই পূর্বপুরুষ থেকে অবিচ্ছিন্ন বা অথন্ডিত ধারায় বংশোদ্ভূত। ইহা জ্ঞাতি সম্পর্কিত গোষ্ঠীর বৃহৎ দল 'গোত্রের' থেকে ক্ষুদ্র কিন্তু অধিক localized গোষ্ঠী বিশেষ।অতএব বংশ হল দুই বা ততে।ধিক প্রজন্মের সমষ্টি যার সকল সদস্যরা রক্তের বন্ধনে আবদ্ধ।

বংশগুলি বর্হিবিবাহকারী গোষ্ঠী। বংশগত স্তরে এই বর্হিগমন আসলে দুই বা ততোধিক গোষ্ঠীর মধ্যে একটি alliance তৈরী করে যা সমাজে আন্তগোষ্ঠীগত সম্পর্ক কে সৃদৃঢ করে।

## প্রকারভেদ (Types):

বিভিন্ন প্রকার আদিবাসী সমাজ বিচার বিশ্লেষণ করে Evans Pritchard চারপ্রকার বংশ ব্যবস্থার কথা বলেছেন। এগুলি হল–

- 1) প্রধান বংশ (Major Lineage)
- 2) অপ্রধান বংশ (Minor Lineage)
- 3) দীর্ঘতর বংশ (Maximal Lineage)
- 4) স্কুদ্রতর বংশ (Minimal Lineage)

এছাড়াও আরও দুপ্রকার অস্থিত্ব রয়েছে যথা– (i) পিতৃবংশ (Patri-lineage) ও (ii) মাতৃবংশ (Matri-lineage)। এথেকে সহজেই বোঝা যায় যে কুল বা বংশ একসূত্রীয় রক্তধারা গোষ্ঠী যার সদস্যরা হয় পিতৃসূত্রীয় রক্ত সম্পর্কিত ধারা কিংবা মাতৃসম্পর্কীয় রক্ত ধারা থেকে।

## বৈশিষ্ট্যাবলী (Characteristics):

কুল বা বংশের বৈশিষ্ট্যগুলি হল নিম্নরুপ-

- 1. এটি একপ্রকার একরৈথিক বংশানুক্রমিক গোষ্ঠী।
- 2. একই কুল বা বংশের সকল সদস্য প্রকৃতই একজন নির্দিষ্ট পূর্বপুরুষের বংশধর।
- 3. কুল বা বংশ বর্হিবিবাহকারী গোষ্ঠী।
- 4. কুল বা বংশের সকল সদস্যদের মধ্যে community solidarity বজায় রাখে।
- 5. কুল বা বংশের সকল সদস্যদের রক্তধারা হ্য পিতৃসূত্রীয় নতুবা মাতৃসূত্রীয়।
- 6. ইহা একপ্রকার স্থানীয় দলবিশেষ (localized descent group)।